

■■ মিশকাতুল মাসাবীহ (মিশকাত)

হাদিস নাম্বারঃ ২৬০৭

পর্ব-১১: হজ (এআনা باتك)

পরিচ্ছেদঃ ৫. প্রথম অনুচ্ছেদ - 'আরাফাহ্ ও মুযদালিফা হতে ফিরে আসা

بَابٌ الدَّفْعُ مِنْ عَرَفَةَ وَالْمُزْدَلِفَةِ

আরবী

وَعَنِ ابْنِ عُمَرَ قَالَ: جَمَعَ النَّبِيُّ صلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ الْمَغْرِبَ وَالْعِشَاءَ بِجَمْعٍ كُلَّ وَعَنِ ابْنِ عُمَرَ قَالَ: جَمَعَ النَّبِيُّ صلَّى اللَّهُ عَلَى إِثْرِ كُلِّ وَاحِدَةٍ مِنْهُمَا. رَوَاهُ الْبُخَارِيُّ وَاحِدَةٍ مِنْهُمَا. رَوَاهُ الْبُخَارِيُّ

বাংলা

২৬০৭-[8] 'আব্দুল্লাহ ইবনু 'উমার (রাঃ) হতে বর্ণিত। তিনি বলেন, নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম মাগরিব ও 'ইশার সালাত (সালাত/নামাজ/নামায) মুযদালিফায় একত্রে আদায় করেছেন। প্রত্যেক সালাতের জন্য ভিন্ন ভিন্ন ইকামাত(ইকামত/একামত) দিয়েছেন এবং এ দুই সালাতের মাঝে কোন নফল সালাত আদায় করেননি এবং পরেও আদায় করাননি। (বুখারী)[1]

ফুটনোট

[1] সহীহ: বুখারী ১৬৭৩, নাসায়ী ৩০২৮, সুনানুল কুবরা লিল বায়হাকী ১৯১৪।

ব্যাখ্যা

ব্যাখ্যা: হাদীসে বলা হচ্ছে যে, রসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম মাগরিব ও 'ইশার সালাত (সালাত/নামাজ/নামায) এক সাথে আদায় করেছেন। রসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম কোথায় মাগরিব ও 'ইশার সালাত আদায় করেছেন? এ প্রশ্নের উত্তরে এক বাক্যে বলা যায় যে, রসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম মুযদালিফায় 'ইশার ওয়াক্তে মাগরিব ও 'ইশার সালাত আদায় করেছেন। রসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম আলাদা আলাদা ইকামাতে এ সালাত আদায় করেছেন। আর এ দু' সালাতের মাঝে কোন তাসবীহ পাঠ করেননি। এর দ্বারা উদ্দেশ্য হলো যে, রসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম স্থান পরিবর্তন না করে একই স্থানে বসে এ দু' সালাত আদায় করেছেন।



হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিস একাডেমি

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন